



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
১৪৫, মনিপুরী পাড়া, তেজগাঁও, ঢাকা।
www.jdpc.gov.bd

সূত্র: ২৪.০৯.০০০০.০০০.১৬.২২৩.২১-৩৫৭

তারিখঃ ০৫-০১-২০২৫

বিষয়: জেডিপিসিতে উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষণে আগ্রহী প্রশিক্ষণার্থী নির্বাচনে ক্ষেত্রে ২য় ত্রৈমাসিক প্রতিবেদন প্রসঙ্গে।

ভূমিকা

বাংলাদেশ বিশ্বের দ্বিতীয় বৃহত্তম পাট উৎপাদনকারী এবং বৃহত্তম পাট রপ্তানীকারক দেশ। পাট ও পাটজাতপণ্য রপ্তানী করে দেশের সিংহভাগ বৈদেশিক মুদ্রা অর্জিত হতো। সত্তর দশক থেকে নানাবিধ কৃত্রিম তন্তুর ব্যাপক ব্যবহার আমাদের পাট শিল্পকে ক্রমাগত বিপন্ন করে তোলে। বর্তমানে বিশ্বব্যাপী পরিবেশের বিপর্যয়ের কারণে কৃত্রিম তন্তুসমূহের ব্যবহার ক্রমাগত হ্রাস পাচ্ছে। পাটপণ্যসমূহ ১০০% পরিবেশবান্ধব ও প্রাকৃতিক তন্তু হওয়ার কারণে এর ব্যবহারের দিকে বিশ্বব্যাপী আগ্রহ তৈরী হয়েছে। আর এভাবেই পাটখাতের সম্ভাবনার দ্বার উন্মোচিত হতে চলেছে।

জেডিপিসি বহুমুখী পাটপণ্যের ব্যবহার ও রপ্তানী বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন পর্যায়ের কার্যক্রম ও পাট সেক্টরকে লাভজনক করার জন্য নানামুখী উদ্যোগ গ্রহণ করে আসছে। শতভাগ দেশীয় কাঁচামাল ব্যবহার করে উৎপাদন ও রপ্তানীর মাধ্যমে বৈদেশিক মুদ্রা অর্জনে বহুমুখী পাটপণ্য উল্লেখযোগ্য ভূমিকা রাখছে। পরিবেশ রক্ষার্থে বিশ্বের বিভিন্ন দেশে সিনথেটিক পণ্যের ব্যবহার কমিয়ে প্রাকৃতিক তন্তুজাত পণ্যের ব্যবহারে গুরুত্ব প্রদানের কারনেই আন্তর্জাতিক বাজারে বর্তমানে বহুমুখী পাটপণ্যের ব্যবহার বৃদ্ধি পাচ্ছে। বহুমুখী পাটপণ্যের ব্যবহার বৃদ্ধি ও সম্প্রসারণ এবং জনসাধারণকে আরো উৎসাহিত করার লক্ষ্যে জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি) দেশের বিভিন্ন স্থানে ০৬টি জুট এনট্রিপ্রেনিয়ার সার্ভিস সেন্টার (জেইএসসি) এর মাধ্যমে নিয়মিত যুগোপযোগী প্রশিক্ষণ প্রদান করে আসছে। জেডিপিসি'র কর্তৃক প্রনয়নকৃত নির্ধারিত আবেদনপত্র অনুযায়ী আগ্রহী প্রশিক্ষণার্থীদের নির্বাচনে অধিকতর যাচাই-বাছাইয়ের মাধ্যমে প্রশিক্ষণার্থী নির্বাচন করা হয়। উক্ত প্রশিক্ষণে বহুমুখী পাটপণ্য উৎপাদনে প্রশিক্ষণার্থীদের দক্ষতা উন্নয়ন বিষয়, পণ্যের প্যাটার্ন বিষয়ক, পণ্যের মূল্য নির্ধারণ, মার্কেটিং বিষয়ক, পণ্য ডিজাইন উন্নয়ন ও উচ্চ দক্ষতা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়। ফলে প্রতিবছর নতুন নতুন উদ্যোক্তা সৃষ্টি হচ্ছে। জেডিপিসি'র ২০২৪-২৫ অর্থবছরের (APA) অনুযায়ী গত ২৭ অক্টোবর/২০২৪ তারিখ থেকে ০৫ দিনব্যাপী ধারাবাহিকভাবে ঢাকা, খুলনা, টাঙ্গাইল ও জামালপুরে প্রশিক্ষণ শেষ হয়েছে। জেডিপিসি প্রশিক্ষণে নির্ধারিত আবেদন ফরম পূরণ করে এর সাথে পাসপোর্ট সাইজের ২ কপি ছবি, এনআইডি/জন্ম নিবন্ধন কপি সংযুক্ত করেন প্রশিক্ষণে অংশগ্রহণ করতে হয়।

জেডিপিসি'র আওতাধীন জুট এন্ট্রিপ্রেনিয়ার সার্ভিস সেন্টার (জেইএসসি) গুলোতে অনুষ্ঠিত প্রশিক্ষণের বিবরণ নিম্নরূপঃ

ক্রমিক নং	প্রশিক্ষণ সেন্টারের নাম ও ঠিকানা	প্রশিক্ষণার্থীর সংখ্যা	তারিখ	মন্তব্য
০১	জেডিপিসি ভবন, ১৪৫ মনিপুরী পাড়া, তেজগাঁও, ঢাকা।	২৩ জন	২৭ অক্টোবর ২০২৪ তারিখ থেকে ৩১ অক্টোবর ২০২৪	প্রশিক্ষণটিতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব জিনাত আরা, অতিরিক্ত সচিব ও নির্বাহী পরিচালক, জেডিপিসি।
০২	জেইএসসি, জামালপুর সদর, হারুন রোড, জামালপুর।	২০ জন	০১ ডিসেম্বর ২০২৪ থেকে ০৫ ডিসেম্বর ২০২৪	প্রশিক্ষণটিতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব শফিকুল ইসলাম নির্বাহী পরিচালক, পল্লি দারিদ্র বিমোচন কর্মকর্তা।

১

০৩	জেইএসসি, টাঙ্গাইল সদর, টাঙ্গাইল	২২ জন	২২-২৬ ডিসেম্বর ২০২৪	প্রশিক্ষণটিতে উপস্থিত ছিলেন প্রধান অতিথি হিসেবে এডিসি রেভিনিউ, টাঙ্গাইল।
০৪	জেইএসসি, খুলনা সদর, খুলনা।	২০ জন	২৬-৩০ ডিসেম্বর ২০২৪	উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জনাব ছাকেরা বাণু, নির্বাহী পরিচালক, গ্রামী নারী কল্যাণ ফাউন্ডেশন।

Alam
০৬-০২-২০২৬

(মোঃ জাহাঙ্গীর আলম)

টেকনোলজি রিসার্চ এন্ড ট্রেনিং এক্সিকিউটিভ
জেডিপিসি।

ক্রম	সহায়তা	সম্মানসূচী	স্বাক্ষরিত ও মাস-সেতারিত	কর্মসূচী
১ম	১০০০	১০০০	১০০০	১০০০
২য়	১০০০	১০০০	১০০০	১০০০
৩য়	১০০০	১০০০	১০০০	১০০০
৪য়	১০০০	১০০০	১০০০	১০০০
৫য়	১০০০	১০০০	১০০০	১০০০